গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
শেরে বাংলা নগর, ঢাকা।

# প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৬ জানুয়ারি, ২০১৫ তারিখ বিকেল ৪:০০ টায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের অধীনে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িতব্য "Multipurpose Disaster Shelter Project (MDSP)" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের জন্য বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের মধ্যে ৩৭৫ (তিনশত পঁচাত্তর) মিলিয়ন ইউ.এস. ডলারের একটি ঋণচুক্তি শের-ই-বাংলা নগরস্থ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের এনইসি-২ সম্মেলন কক্ষে স্বাক্ষরিত হয়। এ ঋণের অর্থ দ্বারা উপকূলীয় নির্বাচিত জেলাসমূহের জনগোষ্ঠীকে প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি থেকে রক্ষা করার মাধ্যমে সরকারের সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়ন করা হবে।

বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সিনিয়র সচিব মোহাম্মদ মেজবাহউদ্দিন এবং বিশ্বব্যাংকের পক্ষে ঢাকা অফিসের কান্ট্রি ডাইরেক্টর Mr. Johannes Zutt উক্ত ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধি এবং বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এ কর্মসূচির আওতায় নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদন করা হবে:

- নির্বাচিত ৯টি জেলায় ৫৫৬টি নতুন সাইক্লোন শেল্টার নির্মিত হবে;
- ৪৫০টি বিদ্যমান ক্ষতিগ্রস্থ/সুবিধা সংবলিত শেল্টার পুননির্মাণ, মেরামত বা উন্নয়ন করা হবে;
- শেল্টারগুলোর সাথে যোগাযোগের জন্য ৫৫০ কিলোমিটার সংযোগকারী সড়ক নির্মাণ/পুনর্নিমাণ করা হবে এবং
- পরিবেশ ও সামাজিক ব্যবস্থাপনা পরিকল্পনা, পুণর্বাসন পরিকল্পনা এবং ক্ষুদ্র নৃজাতি গোষ্ঠি ও অন্যান্য সম্প্রদায়ের উন্নয়ন পরিকল্পনা তৈরি করা হবে।

উপর্যুক্ত ঋণের উপর বিশ্বব্যাংককে Disbursed Amount এর উপর বার্ষিক ০.৭৫% হারে সার্ভিস চার্জ প্রদান করতে হবে। এ ঋণের অর্থ ৬ (ছয়) বছরের Grace Period সহ ৩৮ (আটত্রিশ) বছরে পরিশোধ করতে হবে। প্রকল্পটি স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক জানুয়ারি ২০১৫ থেকে ডিসেম্বর ২০২১ মেয়াদে বাস্তবায়িত হবে।

26.01.15
(সাইয়েদা ফয়জুন্নেছা)
সহকারী প্রধান